কালের কণ্ঠ

তারিখ : 13 JUL 2015
পৃষ্ঠা ২০ কলাম ৫

# সরকারি কলেজে ১০,০০০ পদ সৃষ্টির প্রস্তাব

## উপজেলায় স্নাতক ও স্নাতকোত্তর কোর্স না রাখার সুপারিশ

আজিজুল পারভেজ ▷

দেশের সরকারি কলেজে ৪৫টি নতুন বিষয় যুক্ত এবং বিদ্যমান পদকাঠামো সংস্কারসহ প্রায় ১০ হাজার নতুন পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে। এতে প্রভাষকের পদ কমিয়ে সহকারী ও সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকের পদ বাড়ানোর কথা বলা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সমীক্ষা প্রতিবেদনে এই সংস্কার ও পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে। গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের বৈঠকে এ নিয়ে আলোচনা হয়েছে।

বৈঠক সূত্রে জানা গেছে, সমীক্ষা কমিটি জেলা শহরে অবস্থিত সরকারি কলেজগুলোতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্স চালু রাখার সুপারিশ করেছে। মাঠপর্যায়ে সমীক্ষা চালানোর অভিজ্ঞতা তুলে ধরে রিপোর্টে বলা হয়েছে, কোনো কোনো ক্ষেত্রে উপজেলা পর্যায়ে সরকারি কলেজগুলোতে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো না থাকা সত্ত্বেও স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্স চালু রয়েছে, যা মানসম্মত উচ্চশিক্ষায় কার্যকর ও যথাযথ ভূমিকা রাখতে পারছে না। উপজেলায় এ কোর্সগুলো বন্ধ করার সুপারিশ করা হয়েছে প্রতিবেদনে।

সরকারি কলেজে পদ সৃষ্টি ও নতুন বিষয় খোলার ব্যাপারে কোনো সমন্বয় নেই। বিচ্ছিন্নভাবে বিভিন্ন বিষয় খোলা ও পদ সৃষ্টি করা হয়। এ ব্যাপারে সারা দেশে সমীক্ষা চালিয়ে একটি সমন্বিত প্রস্তাবনা দিতে গত ২৪ মার্চ মন্ত্রণালয় ওই কমিটি গঠন করে। কমিটি ২৩টি অঞ্চলে ভাগ হয়ে ২৩ জন কর্মকর্তার মাধ্যমে তথ্য সংগ্রহ করে। তারা বলেছে, এ সমীক্ষা শিক্ষা ক্যাডারের শৃঙ্খলা ও উচ্চশিক্ষার মানোন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

বৈঠক সূত্রে জানা গেছে, সমীক্ষা কমিটি ৩২১টি সরকারি কলেজে বিদ্যমান ১৪ হাজার ৮২০টি শিক্ষক পদের বিপরীতে ২৪ হাজার ৯৬০টি পদ সৃষ্টির প্রস্তাব করেছে। কলেজ পর্যায়ে বর্তমানে ৬৭টি বিষয়ে ১৪ হাজার ৮২০টি শিক্ষক পদ আছে। কমিটি তা ১৮ হাজার ৩৭৭ করার প্রস্তাব দিয়েছে। এর মধ্যে অধ্যাপক পদ ৫০৩টির জায়গায় দুই হাজার ২৩, সহযোগী অধ্যাপক দুই হাজার ২০১টির স্থলে চার হাজার ৪৯৭, সহকারী অধ্যাপক চার হাজার ১৮৮টির বদলে ছয় হাজার এক এবং প্রভাষক সাত হাজার ৯২৮টির জায়গায় পাঁচ হাজার ৮৫৬ করার কথা বলা হয়েছে। সম্প্রতি কলেজ পর্যায়ে তথ্য ও প্রযুক্তিসহ ২৫টি বিষয় খোলা হয়েছে। কিন্তু কোনো পদ সৃষ্টি করা হয়নি। সমীক্ষা কমিটি এসব বিষয়ের জন্য চার হাজার ২৭৭টি পদ সৃষ্টির জন্য বলেছে। এর মধ্যে অধ্যাপক ৩৫৫, সহযোগী অধ্যাপক ৮৩৩, সহকারী অধ্যাপক এক হাজার ৩২৮ এবং প্রভাষকের এক হাজার ৭৬১টি পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে।

কমিটি নতুন করে বর্তমান যুগের সঙ্গে সংগতিপূর্ণ আরো ৪৫টি বিষয় অন্তর্ভুক্ত করতেও বলেছে। এসব বিষয়ের জন্য দুই হাজার ৩২৫টি পদ সৃষ্টির প্রস্তাব করা হয়েছে এর মধ্যে অধ্যাপকের ২২৭, সহযোগী অধ্যাপকের ৪৬৫, সহকারী অধ্যাপকের ৭২৬ এবং প্রভাষকের ৯০৭টি পদ

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

## সরকারি কলেজে ১০,০০০ পদ সৃষ্টির প্রস্তাব

▶▶ শেষ পৃষ্ঠার পর

সৃষ্টির কথা বলা হয়েছে। প্রস্তাবনা অনুসারে অধ্যাপকের দুই হাজার ১০৩, সহযোগী অধ্যাপকের তিন হাজার ৫৯৩, সহকারী অধ্যাপকের তিন হাজার ৮৬২ এবং প্রভাষকের ৫৮৯টি পদ বাড়বে।

নতুন করে যেসব বিষয় অন্তর্ভুক্ত করার প্রস্তাব এসেছে সেগুলো হলো—শিক্ষা ও গবেষণা, ব্যবসায় শিক্ষা, গণযোগাযোগ ও সাংবাদিকতা, গ্রাফিকস ডিজাইনিং, ফিশারিজ, ফরেস্ট্রি, ল্যান্ডস্কেপিং, ব্যাংকিং অ্যান্ড বীমা, পরিবেশবিজ্ঞান, দুর্যোগ ব্যবস্থাপনা, নৃ-বিজ্ঞান, শব্দ ও প্রযুক্তি, নৃত্যকলা, সংগীত ও যোগাযোগ, মঞ্চ ও অনুষ্ঠান যোগাযোগ, ড্রামা অ্যান্ড মিডিয়া স্টাডিজ, চারু ও কারুকলা, সংগীত ও নাট্যতত্ত্ব, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান, ফার্মেসি, লোকপ্রশাসন, প্রফেশনাল ইথিকস, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, গার্মেন্টস অ্যান্ড টেকনোলজি, ক্লিনিক্যাল নিউট্রিশন অ্যান্ড ডায়েটেটিকস, আরলি চাইল্ডহুড কেয়ার অ্যান্ড ম্যানেজমেন্ট, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, ইন্টেরিয়র ডিজাইনিং অ্যান্ড ইভেন্ট ম্যানেজমেন্ট, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি, কম্পিউটার সায়েন্স, অ্যাপারাল মার্চেন্ডাইজিং, আইন, ফ্যাশন ডিজাইনিং, আন্তর্জাতিক সম্পর্ক, শিক্ষা, মানবসম্পদ উন্নয়ন, গৃহ ব্যবস্থাপনা ও শিশুবর্ধন, গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিং, প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস, ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেম, আদ-দাওয়া আল ইসলামিয়া, ইসলামী দর্শন, তুলনামূলক ধর্মতত্ত্ব, আরবি সাহিত্য ও ডেভেলপমেন্ট স্টাডিজ।

শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (কলেজ) ড. মোল্লা জালাল উদ্দিন জানান, মাঠপর্যায়ে বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে চমৎকার একটি প্রস্তাবনা পাওয়া গেছে। এখন এর ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অংশীজনদের নিয়ে একটি কর্মশালার আয়োজন করে এ প্রস্তাবনা চূড়ান্ত করা হবে। তিনি বলেন, উচ্চশিক্ষাকে আধুনিক, যুগোপযোগী ও উন্নত করতে এবং শিক্ষার্থীদের দক্ষতা বাড়াতে নতুন নতুন বিষয় যুক্ত করার প্রস্তাব এসেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এ বৈঠকে শিক্ষামন্ত্রী, শিক্ষাসচিব, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকসহ মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দেশে বর্তমানে কলেজ পর্যায়ে ৯ ধরনের সরকারি ৩২১টি শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে অনার্স কলেজ রয়েছে ৯৭, মাস্টার্স কলেজ ৮৪, ডিগ্রি কলেজ ৭৯, উচ্চ মাধ্যমিক কলেজ ২৬, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ ১৪, গভ. কমার্শিয়াল ইনস্টিটিউট ১৬, মাদ্রাসা-ই-আলিয়া তিন, গার্হস্থ্য অর্থনীতি কলেজ এক ও সংগীত কলেজ একটি।